গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়,
বাংলাদেশ রেলওয়ে,
রেলভবন, ঢাকা।

নং- রেল/পি আর /প্রেস বিজ্ঞপ্তি-২০(১৬)-৪ তারিখঃ ১৮/০৫/২০২০

বাংলাদেশ রেলওয়ে পার্শ্বেল পরিবহণে শাক-সবজি এবং দেশীয় ফলমূলের ভাড়া সমন্বয় সার্ভিস সংক্রান্ত

সংবাদ বিজ্ঞপ্তি

বর্তমানে বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস এর বিস্তার প্রতিরোধে সরকারি নির্দেশনা মোতাবেক বাংলাদেশ রেলওয়ের মালবাহী ট্রেনের পাশাপাশি বিভিন্ন সেকশন কৃষকের উৎপাদিত পণ্য পরিবহণে পার্শ্বেল ট্রেন চলাচল করছে।

বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকের উৎপাদিত শাক -সবজি,দেশীয় ফলমূল,দুধ,ডিম ইত্যাদি পণ্যের উপর ২৫% ভাড়া ছাড় এবং সকল প্রকার সার্ভিস চার্জ প্রত্যাহার করে বিদ্যমান ভাড়া সমন্বয় করা হয়েছে যা আগামী ১৯ মে ২০২০ হতে কার্যকর হবে।

বাংলাদেশ রেলওয়ের বিদ্যমান পার্শ্বেল ভাড়া সমন্বয়ের ফলে কৃষি পণ্যদ্রব্য বাজারমূখী করার পথ প্রশস্থ ও কৃষি অর্থনীতিকে জোরদার করার পাশাপাশি রেলওয়ের রাজস্ব বৃদ্ধিতে ক্রমাগত অবদান রাখবে বলে আশা করা যায়।

বিজ্ঞপ্তিটি জনস্বার্থে আপনার স্বনামধন্য পত্রিকায় /ইলেকট্রনিক মিডিয়াতে (ফুট নোটে) প্রকাশ/প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ সফিকুর রহমান)
পরিচালক (জনসংযোগ)
মোবাঃ ০১৭১১৬৯১৬০২

প্রাপক,
বার্তা সম্পাদক(সকল)